

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
কালকিনি মাদারীপুর

খাদ্যবান্ধব ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

খাদ্যবান্ধব কর্মসূচি আওতায় মাদারীপুর জেলাধীন কালকিনি উপজেলার ইউনিয়নসমূহে মোট ১৬ (ষোল) টি বিক্রয় কেন্দ্রের জন্য ১৬ (ষোল) জন এবং ডাসার উপজেলার ইউনিয়নসমূহে মোট ০৮ (আট) টি বিক্রয়কেন্দ্রের জন্য ০৮ (আট) জন ডিলার নিয়োগ করা হবে। আগ্রহী ব্যক্তিদের নিকট হতে নিম্নলিখিত শর্তে আগামী ০২/০২/২০২৫ খ্রি তারিখের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে

ক্র: নং	কালকিনি উপজেলা		ক্র: নং	ইউনিয়ন	কেন্দ্রের নাম	ক্র: নং	ডাসার উপজেলা	
	ইউনিয়ন	কেন্দ্রের নাম					ইউনিয়ন	কেন্দ্রের নাম
০১	আলীনগর	কালীগঞ্জ বাজার	১০	লক্ষীপুর	লক্ষীপুর বাজার	০১	বালিগ্রাম	পাথুরিয়ারপাড় বাজার
০২	"	ফাসিয়াতলা বাজার	১১	রমজানপুর	রামেরহাট বাজার	০২	"	ধুলগ্রাম বাজার
০৩	বীশপাড়ী	খাসেরহাট বাজার	১২	"	নতুন টরকী	০৩	গোপালপুর	গোপালপুর হাট
০৪	"	মালেরহাট বাজার	১৩	সাহেবরামপুর	সাহেবরামপুর হাট	০৪	কাজীবাকাই	পূর্ব মাইজপাড়া
০৫	সিডিখান	মোল্লারহাট বাজার	১৪	"	আন্ডারচর	০৫	ডাসার	পূর্ব কমলাপুর বাজার
০৬	এনায়তনগর	খালেরহাট বাজার	১৫	শিকারমঞ্জল	মিয়ারহাট	০৬	"	দর্শনা বাজার
০৭	কয়ারিয়া	ময়দানেরহাট	১৬	পূর্ব এনায়তনগর	মোল্লারহাট বাজার	০৭	নবগ্রাম	শশিকর বাজার
০৮	"	মোল্লারহাট বাজার	--	--	--	০৮	"	নবগ্রাম বাজার

আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে :

(০১) পাসপোর্ট সাইজের ছবি ০২ কপি; (০২) ফুড গ্রেইন লাইসেন্সের ফটোকপি; (০৩) ট্রেড লাইসেন্স এর ফটোকপি; (০৪) ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার সনদপত্র; (০৫) দোকানের মালিকানা/ভাড়া সংক্রান্ত কাগজপত্রের ফটোকপি; (০৬) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি; (০৭) নাগরিকত্ব সনদের ফটোকপি;

শর্তাবলী :

- ০১। আবেদনকারী যে কেন্দ্রের জন্য আবেদন করবেন সেই কেন্দ্রে নিজস্ব অথবা ভাড়ায় চালিত দোকান থাকিতে হবে;
- ০২। আবেদনকারীকে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে, যা উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, কালকিনি, মাদারীপুর হতে সংগ্রহ করা করতে হবে।
- ০৩। আবেদনকারীর দোকানের মেঝে পাকা হতে হবে এবং খাদ্যশস্য নিরাপদ ও স্বাস্থ্যসম্মতভাবে সংরক্ষণের উপযোগী হতে হবে;
- ০৪। আবেদনকারীর দোকান/সংযুক্ত গুদামে কমপক্ষে ১৫,০০০ (পনের) মেটন খাদ্যশস্য সংরক্ষণের সুব্যবস্থা থাকতে হবে;
- ০৫। আবেদনকারীকে আর্থিকভাবে স্বচ্ছল ও খাদ্যশস্য হিসাব সংরক্ষণে সক্ষম হতে হবে;
- ০৬। খাদ্য বিভাগ কর্তৃক কালো তালিকাভুক্ত, বাতিলকৃত বা সাময়িকভাবে বরখাস্তকৃত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে ডিলার নিয়োগ করা যাবে না;
- ০৭। একই ব্যক্তি খাদ্য বিভাগের একাধিক কর্মসূচির ডিলার হতে পারবেন না;
- ০৮। কোন সরকারি কর্মচারী বা জনপ্রতিনিধি ডিলার হতে পারবেন না;
- ০৯। অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে;
- ১০। বর্তমানে নিয়োজিত ডিলারগণ খাদ্যবান্ধব ডিলার হিসেবে নিয়োগ প্রাপ্তির জন্য আবেদন করতে পারবেন;
- ১১। আবেদনকারী শুধুমাত্র একটি বিক্রয় কেন্দ্রের জন্য আবেদন করতে পারবেন;
- ১২। সকল কাগজপত্র হালনাগাদ এবং ফটোকপি প্রথম শ্রেণীর গেজেট কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে;
- ১৩। নির্বাচিত ডিলারের নিকট থেকে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার ফেরতযোগ্য জামানত পে-অর্ডারের মাধ্যমে জমা নেয়া হবে;
- ১৪। কর্তৃপক্ষ প্রয়োজনে অত্র ডিলার নিয়োগ সংক্রান্ত যেকোনো নিয়ম পরিবর্তন, পরিমার্জনা বা বাতিল করার ক্ষমতা রাখেন;

বি:দ্র: বিস্তারিত জানতে উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, কালকিনি, মাদারীপুরে যোগাযোগ অথবা <http://food.kalkini.madaripur.gov.bd/> ভিজিট করতে হবে।



অশোক কুমার চৌধুরী

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক

কালকিনি, অদা. ডাসার, মাদারীপুর

ও সদস্য সচিব

উপজেলা খাদ্যবান্ধব কমিটি (কালকিনি/ডাসার)।